বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

মুজিব শতবর্ষ MUJIB 100
"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"

সূত্র নং- বিএসইসি/ সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩৭৯ তারিখ: ১২ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
২৬ জুন ২০২৩ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

৮৭৩ তম কমিশন সভা অদ্য ২৬/০৬/২০২৩ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে:-

০১. কমিশন অদ্যকার সভায়, Prime Bank Limited এর ৩০০ (তিনশত) কোটি টাকা মূল্যের Non-convertible, Unsecured, fully redeemable Floating Rate Subordinated Bond এর প্রস্তাব অনুমোদন করেছে যার Range of Coupon Rate ৬.০০% থেকে ১০.০০%। এটি প্রাইভেট প্লেসমেন্ট এর মাধ্যমে প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী ও উচ্চ সম্পদশালী একক বিনিয়োগকারীদের নিকট ইস্যু করা হবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকা। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে Prime Bank Limited এর Tier-II Capital Base শক্তিশালী করা হবে। উক্ত বন্ডের Trustee হিসাবে দায়িত্ব পালন করছে UCB Investment Limited এবং Arranger হিসাবে কাজ করছে Prime Bank Investment Limited। এছাড়াও উক্ত বন্ডটি Alternative Trading Board এ তালিকাভুক্ত হবে।

০২. কমিশন অদ্যকার সভায়, United Commercial Bank PLC এর ৩০০ (তিনশত) কোটি টাকা মূল্যের UCB 2nd Perpetual Bond এর প্রস্তাব অনুমোদন করেছে যার মধ্যে ২৭০ কোটি টাকা প্রাইভেট প্লেসমেন্ট এবং ৩০ কোটি টাকা পাবলিক অফারের মাধ্যমে ইস্যু করা হবে। উক্ত বন্ডটির Range of Coupon Rate ৬.০০% থেকে ১০.০০%। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে United Commercial Bank PLC এর Tier-I Capital Base শক্তিশালী করা হবে। উক্ত বন্ডের Trustee হিসাবে দায়িত্ব পালন করছে Prime Bank Investment Limited এবং Arranger হিসাবে কাজ করছে UCB Investment Limited। উক্ত বন্ডটির Issue Manager ও Underwriter হিসেবে কাজ করছে Prime Finance Capital Management Limited ও Sonali Investment Limited। এছাড়াও উক্ত বন্ডটি Alternative Trading Board এ তালিকাভুক্ত হবে।

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র